যুগান্তর

তারিখ ... 1 SEP 2012 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৫ ...

প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষকদের দুটি সংগঠন ফের আন্দোলনে

যুগান্তর রিপোর্ট

বিভিন্ন দাবিতে শিক্ষক সংগঠনগুলো আন্দোলনে নামছে। বেসরকারি শিক্ষক-কর্মচারী পরিষদ এমপিওর দাবিতে এবং প্রাথমিক শিক্ষক সমিতি স্বতন্ত্র প্রাথমিক শিক্ষা ক্যাডার সৃষ্টিসহ ১২ দফা দাবিতে আন্দোলন করছে। বেসরকারি শিক্ষক-কর্মচারী পরিষদের রোববার থেকে জাতীয় প্রেস ক্লাবে লাগাতার অবস্থান ধর্মঘট পালন করবে। এর আগে তারা তাদের দাবি আদায়ের জন্য সরকারকে বিভিন্ন সময়ে আলটিমেটাম দিয়েছে। শুক্রবার এক সংবাদ সম্মেলনে এ কর্মসূচি ঘোষণা করা হয়। এতে পরিষদের সভাপতি হানিফউল্লাহসহ অন্য নেতারা উপস্থিত ছিলেন। এই শিক্ষক নেতা অবশ্য গোয়েন্দা নজরদারিতে রয়েছেন বলে পুলিশ জানিয়েছে। শুক্রবার রাজধানীর মুক্তিভবনের মৈত্রী মিলনায়তনে সংবাদ সম্মেলনে তারা জানান, এর মধ্যে দাবি আদায় না হলে ১৫ অক্টোবর প্রধানমন্ত্রীকে স্মারকলিপি আর ২২ অক্টোবর জেলায় জেলায় ডিসিদের স্মারকলিপি দেয়া হবে। এরপরও দাবি আদায় না হলে পরবর্তীকালে বৃহত্তর কর্মসূচি দেয়া হবে। এ সময় সমিতির সভাপতি আবুল বাসার, সাধারণ সম্পাদক আনোয়ারুল ইসলাম, সিদ্দিকুর রহমান, মোয়াজ্জেম হোসেন মানিক, জাহানারা বেগম প্রমুখ উপস্থিত ছিলেন। তারা বলেন, প্রধান শিক্ষকদের দ্বিতীয় শ্রেণীর গেজেটেড মর্যাদা দিতে হবে। উন্নয়ন খাতের শিক্ষকদের পদোন্নতির জটিলতা নিরসনসহ প্রাথমিক বিদ্যালয়ের পরীক্ষাসমূহ শিক্ষকদের ওপর ন্যস্ত করতে হবে। এ সময় স্কুল পরিদর্শন শেষে শিক্ষা অফিসার কর্তৃক শিক্ষকদের ঢালাও বরখাস্তের বিরুদ্ধেও হুশিয়ারি দেন।